

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০২.৪৯৮.২০১৭- ২২

অফিস আদেশ

তারিখ ১৬/০৩/২০১৭ খ্রিঃ

সাম্প্রতিক কালে লক্ষ্য করা যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ/ শাখায়/ অঞ্চলে কর্মরত কোন কোন কর্মকর্তা/কর্মচারী তাদের ব্যক্তিগত কারনে বেচ্ছায় অবসরে যাওয়ার আবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করছেন। তাদের দাখিলকৃত আবেদনসমূহের মধ্যে কিছু কিছু আবেদন যথাযথ না হওয়ায়, আইনানুগভাবে বেচ্ছায় অবসর গ্রহণ কার্যকর করা সহ তাদের প্রাপ্য আনুভৌমিক ভাতা পরিশোধের ক্ষেত্রে আইনি জটিলতার সৃষ্টি হচ্ছে। এক্ষেপ আইনি জটিলতা নিরসনসহ প্রাপ্য আনুভৌমিক ভাতা বিধি মতে প্রাপ্তির লক্ষ্যে গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯ ধারার (১) উপধারার অধীনে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে বেচ্ছায় অবসর যাওয়ার আবেদন দাখিল/আবেদন অগ্রগামী করতে নির্দেশনা প্রদান করা হলো :

- অবসর-উত্তর ছুটিতে যাওয়ার অভিপ্রায়কৃত তারিখের কমপক্ষে ত্রিশ দিন পূর্বে অবসরের আবেদন করতে হবে।
- অবসর-উত্তর ছুটিতে যাওয়ার অভিপ্রায়কৃত তারিখ অবসরের আবেদনে উল্লেখ করতে হবে।
- ছুটির মেয়াদ অবসরের আবেদনে উল্লেখ করতে হবে।
- কতদিন ছুটি পাওনা আছে তা উল্লেখ করতে হবে।
- একবার আবেদন করলে সে আবেদন প্রত্যাহার বা সংশোধন করার কোন সুযোগ থাকবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/-

(দুলাল কৃষ্ণ সাহা)

সচিব(যুগ্মসচিব)

ফোন : ৮৮৩৪৯৩০


ফ্যাক্স : ৮৮৩৪৯৮৩

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০২.৪৯৮.২০১৭-

তারিখ :

অবগতির জন্য অনুলিপি : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। বিভাগীয় প্রধান সকল-----, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০২। অঞ্চলিক নির্বাহী কর্মকর্তা সকল-----, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৬। সহকারী সচিব, সকল----- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৭। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৮। অফিস কপি।



(মোঃ মনোয়ার হোসেন)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-২

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।